

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯৯ (আগরতলা ২৪।০৪)

আগরতলা, ২৪ এপ্রিল, ২০২৪

রাজ্যপালের সাথে সৌজন্য সাক্ষাতে সোলো বাইক রাইডার অস্মিতা



রাজভবনে আজ সকালে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু'র সঙ্গে গুয়াহাটি থেকে আসা সোলো বাইক রাইডার অস্মিতা পাল সৌজন্য সাক্ষাৎ করেন। কন্যা সন্তান সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যেই অস্মিতা পাল সোলো বাইক রাইডিং কর্মসূচি নিয়েছেন। সাক্ষাতকালে রাজ্যপাল তাকে সংবর্ধনা জ্ঞাপন করার পাশাপাশি তার উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেন। অস্মিতা পাল গত ২০ এপ্রিল গুয়াহাটি থেকে তার যাত্রা শুরু করে। গত ২৩ এপ্রিল ৫৬০ কিলোমিটার রাস্তা অতিক্রম করে আগরতলায় এসে পৌঁছায়। রাজ্যপালের সাথে সাক্ষাতকারের সময় সোলো বাইক রাইডার অস্মিতা পাল জানান সোলো বাইক রাইডিংয়ের মাধ্যমে আগামীদিনে উত্তর-পূর্বাঞ্চলের সবগুলি রাজ্য পরিক্রমা করবেন। উল্লেখ্য, সোলো বাইক রাইডার ইতিমধ্যেই সোলো বাইক রাইডিংয়ের গুয়াহাটি থেকে নেপাল পরিক্রমা করেছেন।
